

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৫৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

আরবী

وَعن عِمران بْنِ حُصَيْنٍ قَالَ: كُنَّا فِي الْجَاهِلِيَّةِ نَقُولُ: أَنْعَمَ اللَّهُ بِكَ عَيْنًا وَأَنْعَمَ صَبَاحًا. فَلَمَّا كَانَ الْإِسْلَامُ نُهِينَا عَنْ ذَلِكَ. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৪৬৫৪-[২৭] 'ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা জাহিলিয়াতের যুগে সাক্ষাতের সময় বলতাম : أَنْفَمَ اللهُ بِكَ عَيْنًا (প্রত্যুষেই তুমি কল্যাণের অধিকারী হও)। অতঃপর যখন ইসলামের আগমন ঘটলো, তখন আমাদেরকে এটা বলতে নিষেধ করা হলো। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৫২২৭, মুসান্নাফ 'আবদুর রাযযাক ১৯৪৩৭, শু'আবুল ঈমান ৮৮৯৩।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ইনকিতা' (বিচ্ছিন্নতা) রয়েছে। তাহলে কতাদাহ্ (রহিমাহুল্লাহ) 'ইমরান ইবনু হুসায়ন থেকে শুনেননি। দেখুন- 'আওনুল মা'বৃদ ১৪/৯৪ পুঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আবূ দাউদ-এর ভাষ্যকার ফাতহুল ওয়াদূদে বলেনঃ এটা নিষিদ্ধ হওয়ার ভিত্তি হলো সেটা জাহিলী যুগের অভিবাদন বা শুভেচ্ছা। তবে জাহিলিয়াতের যুগে انعم الله بك عينا বাক্যটি প্রসিদ্ধ ছিল। অতঃপর জাহিলী অবস্থার যখন পরিবর্তন হলো তখন জাহিলী শুভেচ্ছার বিধানও অবশিষ্ট থাকল না। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৫২১৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন